দৈনিক ইনকিলাব

তারিখ 07 DEC 1998
পৃষ্ঠা: ১ কলাম ৭

### সিটি কর্পোরেশন নির্বাচনে ওয়ার্ড সংখ্যা বৃদ্ধি

# ঢাকা ৯০ থেকে ১০০, চট্টগ্রাম ৪১ থেকে ৫১, খুলনা ৩১ থেকে ৩৭, রাজশাহী ৩০ থেকে ৩৫

**মাহবুবুল বাসেত** ॥ দেশের চারটি সিটি কর্পোরেশনের ওয়ার্ড সংখ্যা মোট ৩১টি বৃদ্ধি করা হয়েছে। ফলে আগামী নির্বাচনে চারটি সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের সংখ্যাও বৃদ্ধি পাবে।

ঢাকা সিটি কর্পোরেশনের বর্তমান ওয়ার্ড সংখ্যা হচ্ছে ৯০টি। আগামী নির্বাচনের জন্য ওয়ার্ড সংখ্যা ১০টি বৃদ্ধি করে '১শ'টিতে উন্নীত করা হয়েছে। ফলে ঢাকা সিটি কর্পোরেশনের আগামী নির্বাচনে ওয়ার্ড কমিশনারও ৯০ জনের স্থলে ১০০ জন নির্বাচিত হবেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এখন ওয়ার্ড সংখ্যা হচ্ছে ৪১টি। আর ওয়ার্ড কমিশনার রয়েছেন ৪১ জন। আগামী নির্বাচনের জন্য ইতিমধ্যেই ওয়ার্ডের সংখ্যা ৪১ থেকে ৫১টিতে বৃদ্ধি করার সিদ্ধান্ত ইতিমধ্যেই গৃহীত হয়েছে। ফলে আগামী নির্বাচনের পর চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের সংখ্যাও ৪১ জন থেকে ৫১ জনে বৃদ্ধি পাবে।

অনুরূপভাবে রাজশাহী সিটি কর্পোরেশনের ওয়ার্ড সংখ্যাও বর্তমানের ৩০টি থেকে ৩৫টিতে বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফলে আগামী নির্বাচনের পর রাজশাহী সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার নির্বাচিত হবেন ৩৫ জন।

অন্যদিকে খুলনা সিটি কর্পোরেশনের বর্তমান ওয়ার্ড সংখ্যা ৩১টি থাকলেও ইতিমধ্যেই তা ৩৭টিতে বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে। ফলে খুলনা সিটি কর্পোরেশনের আগামী

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## সিটি কর্পোরেশনে

প্রথম পৃষ্ঠার পর

নির্বাচনে ভোটারগণ ৩৭ জন ওয়ার্ড কমিশনার নির্বাচিত করবেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ ওয়ার্ড সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত বহুপূর্বেই নির্বাচন কমিশনকে জানিয়ে দিয়ে সেভাবেই নির্বাচনের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়েছে।